গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, সিলেট

এবং

নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

সূচিপত্র

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ৫

সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ১৪

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Regional/Zonal Office)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) সরকার প্রতিশ্রুত রূপকল্প ২০৪১ বাস্তবায়নে সরকারের অন্যতম প্রধান সহায়ক প্রতিষ্ঠান। আইসিটিতে দক্ষ মানবসম্পদ উন্নয়নে বিসিসির অত্র কার্যালয় ওতোপ্রতভাবে কাজ করছে। সাম্প্রতিক বছর গুলোতে অত্র কার্যালয় হতে ১৩টি ব্যাচে ২৬০জন প্রতিবন্ধী ব্যাক্তি, ১৪টি স্বল্পমেয়াদী ব্যাচে ২৮৪জন, ৫টি দীর্ঘমেয়াদী ব্যাচে ১০০জন এবং নারীদের অংশগ্রহণে ৩টি ব্যাচে ৬১জন সহ সর্বমোট ৭০৫জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সরকারের ই-গভর্ণেন্স বাস্তবায়নের নিমিত্ত ৩টি ব্যাচে ৬০জনকে প্রশিক্ষণ প্রদান সহ মোট ১১৩ জনের উপস্থিতিতে ২টি সেমিনার/কর্মশালা আয়োজন করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম আধুনিকায়নের লক্ষ্যে স্মার্টবোর্ডসহ প্রশিক্ষণ ল্যাব স্থাপন করা হয়েছে। বর্তমানে তিনটি ল্যাবে (১টি প্রতিবন্ধী ব্যক্তিদের প্রশিক্ষণ প্রদানের জন্য আইসিটি রিসোর্স সেন্টার) এক সাথে মোট ৬০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করা হয়েছে। স্থানীয় পর্যায়ে বিভিন্ন সরকারি অফিসের সাথে সমন্বয়ের মাধ্যমে বিসিসি এ সকল কার্যক্রম সম্পন্ন করছে। ইনফোসরকার-২ এর আওতায় সিলেট ও ময়মনসিংহ বিভাগের সরকারী প্রতিষ্ঠানসমূহে অত্র কার্যালয় হতে রক্ষণাবেক্ষণ কার্যক্রম ও ভিডিও কনফারেন্সিং সার্ভিস সহ ইন্টারনেট সেবা প্রদান করা হচ্ছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

- নিজস্ব স্থায়ী অবকাঠামো না থাকায় আঞ্চলিক পর্যায়ে বিসিসি কর্তৃক স্থাপিত ন্যাশনাল নেটওয়ার্কের সুষ্ঠু মনিটরিং ও রক্ষণাবেক্ষণ সহ ল্যাব ও তথ্যপ্রযুক্তি সেবাসমূহের আধুনিকায়ন সম্ভব হচ্ছে না।
- আঞ্চলিক কার্যালয়ের সাংগঠনিক কাঠামোতে পর্যাপ্ত জনবলের অভাব; এছাড়া বর্তমান কাঠামোতে ৬টি পদের মধ্যে ৪টি শূন্য;
- আঞ্চলিক কার্যালয়ের নিজস্ব কোন পরিবহন না থাকা এবং মাঠ পর্যায়ে বিসিসি ও বিসিসি কর্তৃক পরিচালিত প্রকল্পের কার্যক্রমের সাথে আঞ্চলিক কার্যালয়ের সমন্বয় না থাকায় সেবা গ্রহীতাকে সেবা প্রদান বিঘ্নিত হচ্ছে।
- বিভিন্ন সরকারি দপ্তরের মাধ্যমে স্বল্প/বিনামূল্যে প্রশিক্ষণ প্রদানের বিপরীতে বিসিসি কর্তৃক নির্ধারিত ফি–এর মাধ্যমে প্রদানকৃত প্রশিক্ষণ জনপ্রিয়তা হারাচ্ছে।

ভবিষ্যৎ পরিকল্পনা:

- আঞ্চলিক পর্যায়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাত বিকাশের জন্য স্থায়ী অবকাঠামো নির্মাণের মাধ্যমে অত্র অঞ্চলে একটি তথ্যপ্রযুক্তি বলয় তৈরি করা এবং আবাসিক প্রশিক্ষণের ব্যবস্থা।
- আধুনিক প্রযুক্তি নির্ভর পেশাজীবি তৈরীর লক্ষ্যে প্রশিক্ষণ কারিকুলাম উন্নয়ন।
- স্বল্প মেয়াদি প্রফেশনাল কোর্স সমূহ অফলাইন প্রশিক্ষণের পাশাপাশি অনলাইনে প্রশিক্ষণ প্রদান।
- ফ্রিল্যান্সিং/স্টার্টআপ ইনকিউবেশনে সহায়তা প্রদান।
- বিশ্ববিদ্যালয় ও কারিগরি শিক্ষা বোর্ডে পরিচালিত প্রকৌশলী শিক্ষা কারিকুলামের উপযোগী ইন্টার্ণশিপ/প্রশিক্ষণ প্রোগ্রাম চালু।
- আঞ্চলিক কার্যালয়সমূহে ভেন্ডর সার্টিফিকেশন কোর্স পরিচালনাসহ পরীক্ষা কেন্দ্র স্থাপন।

২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- - কেন্দ্রীয়ভাবে জাতীয় নেটওয়ার্ক অপারেশন সেন্টার NOC –এর পাশাপাশি স্থানীয় পর্যায়ে সরকারি দপ্তরে স্থাপিত নেটওয়ার্ক সংযোগ মনিটরিং, মোরামত ও রক্ষণাবেক্ষণ সেবা প্রদান।
- - প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়নের জন্য কমপক্ষে ২০ জন প্রশিক্ষণার্থীকে আইসিটি প্রশিক্ষণ প্রদান।
- - কমপক্ষে ১০০ জন প্রশিক্ষণার্থীকে আইসিটি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানব সম্পদ তৈরি করা।
- - বিভিন্ন সরকারি অফিসের ত্রুটিপূর্ণ ভিডিও কনফারেন্সিং সিষ্টেমগুলো সচল করা।
- - নিজস্ব স্থাপনা তৈরির কর্যক্রমের অংশ হিসাবে ভূমি অধিগ্রহন প্রক্রিয়া সমাপ্ত করা।
- - ৪র্থ শিল্প বিপ্লব এর উপর প্রশিক্ষণ/ সেমিনার/ কর্মশালার আয়োজন করা।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, সিলেট

এবং

নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর মধ্যে ২০২২ সালের .... মাসের .... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বহুমূখী ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে জ্ঞান ভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় সহায়তা প্রদান।

১.২ অভিলক্ষ্য (Mission)

স্বচ্ছতা ও নিরাপত্তার সাথে নাগরিকদের উন্নত সেবা প্রদান। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গবেষণা ও উন্নয়নের মাধ্যমে জাতীয় লক্ষ্য অর্জনে সরকারকে সহায়তা করা।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. তথ্য প্রযুক্তি ভিত্তিক শিল্পের প্রসারে দক্ষ মানব সম্পদ উন্নয়ন
২. ই-গভার্ণমেন্ট বাস্তবায়ন
৩. নারী ও প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়ন
৪. সরকার কর্তৃক গৃহীত আইসিটি কার্যক্রম অবহিতকরণ

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে যুগোপযোগী ও মান সম্মত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সম্পদ উন্নয়ন;
২. আঞ্চলিক পর্যায়ে তথ্য প্রযুক্তি বিষয়ক অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমে সক্রিয় অংশগ্রহন;
৩. ই-গভঃ বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ সেবা প্রদান এবং সেমিনার ও কর্মশালার আয়োজন;
৪. ন্যাশনাল ই-গভঃ নেটওয়ার্ক সম্প্রসারণে সরকারি দপ্তরসমূহে কারিগরি সেবা প্রদান;
৫. আইসিটি রিসোর্স সেন্টার ব্যবহার করে তথ্যপ্রযুক্তি সেক্টরে প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়ন;
৬. আইসিটির নিরাপদ ব্যবহার বিষয়ে প্রশিক্ষণ ও অবহিতকরণ কার্যাক্রম পরিচালনা;
৭. বিসিসি কর্তৃক দেশব্যাপী স্থাপিত নেটওয়ার্ক ও ভিডিও কনফারেন্সিং সিস্টেম সচল রাখতে পর্যাপ্ত সহযোগিতা প্রদান;
৮. সরকারি/বেসরকারি দপ্তরসমূহের চাহিদা অনুযায়ী বিসিসি আঞ্চলিক কার্যালয়ের ল্যাব সুবিধা প্রদান;
৯. সরকারি দপ্তরের চাহিদা অনুযায়ী আইসিটি বিষয়ক প্রশিক্ষণে দক্ষ রিসোর্স পারসন প্রেরণ;
১০. জেলা ও বিভাগীয় পর্যায়ে তথ্য প্রযুক্তি বিষয়ক অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ;
১১. উপর্যুক্ত কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন পদক্ষেপ গ্রহণ;
১২. প্রধান কার্যালয় নির্দেশিত যে কোন দায়িত্ব পালন।

সেকশন ২

বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা ২০২২-২৩	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৩-২০২৪	২০২৪-২০২৫		
তথ্য প্রযুক্তি ভিত্তিক শিল্পের প্রসারে দক্ষ মানব সম্পদ উন্নয়ন	প্রশিক্ষণার্থী	সংখ্যা	০	১২৫	১৩০	১৪০	১৫০	BCC ঢাকা	প্রশিক্ষণ প্রতিবেদন
ই-গভঃ বাস্তবায়ন	প্রদানকৃত সেবা	সংখ্যা	১০০০	৪৪৭	৪০০	৪৫০	৫০০	BCC(NOC), NTTN (BTCL, F@H, SCL)	BCC NOC, NTTN এর প্রতিবেদন
	প্রশিক্ষণার্থী	সংখ্যা	২০	২০	২০	৩০	৪০	বিসিসি ও অন্যান্য সরকারি দপ্তর/সংস্থা	প্রশিক্ষণ প্রতিবেদন
নারী ও প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়ন	প্রশিক্ষণার্থী	সংখ্যা	০	১৪০	৪০	৫০	৬০	EPWDICT প্রজেক্ট, Women চেম্বার, BWIT, BIID, BCC	প্রশিক্ষণ প্রতিবেদন
সরকার কর্তৃক গৃহীত আইসিটি কার্যক্রম অবহিতকরণ	আয়োজিত ইভেন্ট	সংখ্যা	১	৭	২	৩	৪	BCC, স্থানীয় বিভিন্ন সরকারী/রেসরকারী দপ্তর সংস্থা	সেমিনার/কর্মশালার/ অবহিতকরণ ক্যাম্পেইন সংক্রান্ত প্রতিবেদন

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩

কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] তথ্য প্রযুক্তি ভিত্তিক শিল্পের প্রসারে দক্ষ মানব সম্পদ উন্নয়ন	২৫	[১.১] স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ আয়োজন	[১.১.১] প্রশিক্ষণার্থী	সমষ্টি	সংখ্যা	২৫	০	১২৪	১২০	১০০	৭০	৪০	২০	১৪০	১৬০
[২] ই-গভার্ণমেন্ট বাস্তবায়ন	২০	[২.১] জাতীয় নেটওয়ার্ক উন্নয়নে কারিগরি সেবা	[২.১.১] কারিগরি সেবা	সমষ্টি	সংখ্যা	৭	৯০০	৪২৪	৪০০	৩০০	২০০	১০০	৫০	৪৫০	৫০০
		[২.২] ভিডিও কনফারেন্স সিস্টেম নিরবিচ্ছিন্ন রাখার নিমিত্ত কারিগরি সেবা	[২.২.১] কারিগরি সেবা	সমষ্টি	সংখ্যা	৭	১০০	২৫	২৫	২০	১৫	১০	৫	২৫	৩০
		[২.৩] ই-গভার্ণমেন্ট বাস্তবায়নে প্রশিক্ষণ	[২.৩.১] অংশগ্রহনকারী	সমষ্টি	সংখ্যা	৪	২০	০	২০	১৫	১০			৩০	৪০
		[২.৪] সরকারি দপ্তরসমূহে তথ্যপ্রযুক্তি বিষয়ক পরামর্শসেবা প্রদান/বিভিন্ন সভায় অংশগ্রহণ	[২.৪.১] প্রদানকৃত পরামর্শ সেবা/ সভা	সমষ্টি	সংখ্যা	২	৪	৩২	৩০	২০	১৫	১০	৫	৩৫	৪০
[৩] নারী ও প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়ন	১৫	[৩.১] নারীর উন্নয়ন/ ক্ষমতায়নে প্রশিক্ষণ আয়োজন	[৩.১.১] প্রশিক্ষণার্থী	সমষ্টি	সংখ্যা	১০	০	২০	২০	১৫	১০			৩০	৪০
		[৩.২] প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়ন/ক্ষমতায়নে প্রশিক্ষণ আয়োজন	[৩.২.১] প্রশিক্ষণার্থী	সমষ্টি	সংখ্যা	৫	০	১০০	২০	১৫	১০			৪০	৬০
[৪] সরকার কর্তৃক গৃহীত আইসিটি কার্যক্রম অবহিতকরণ	১০	[৪.১] সেমিনার/ কর্মশালার/ অবহিত করণ ক্যাম্পেইন আয়োজন	[৪.১.১] আয়োজিত ইভেন্ট	সমষ্টি	সংখ্যা	১০	১	৭	২	১				২	৩

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০	৭	৭						৭	৮
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০	৬	৭						৭	৮
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪	৩	৩						৩	৪
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩	২	২						২	৩
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩	২	৩						৩	৩

*সাময়িক (provisional) তথ্য

আমি, আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, সিলেট, নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল হিসাবে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, সিলেট-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

....

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক
কার্যালয়, সিলেট

....

তারিখ

....

নির্বাহী পরিচালক
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

....

তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	BIID	Bangladesh Institute of ICT in Development
২	BTCL	Bangladesh Telecommunications Company Limited
৩	BWIT	Bangladesh Women In Technology
৪	EPWDICT	Empowerment of Persons with Disabilities including NDD through ICT - প্রকল্প
৫	F@H	Fiber@Home Limited
৬	NDD	Neuro Development Disorder
৭	NOC	Network Operation Center
৮	NTTN	National Telecommunication Transmission Networks
৯	SCL	Summit Communications Limited
১০	UN-APCICT	United Nations Asia Pacific Centre for ICT
১১	আইটিইই(ITEE)	ইনফরমেশন টেকনোলজি ইঞ্জিনিয়ারিং এক্সামিনেশন
১২	আইসিটিডি (ICTD)	ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি ডিভিশন
১৩	বিসিসি (BCC)	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
১৪	সিএসআডি CSID	Centre for Services and Information on Disability

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ আয়োজন	[১.১.১] প্রশিক্ষণার্থী	বিসিসি আঞ্চলিক কার্যালয় সিলেট	প্রশিক্ষণ প্রতিবেদন/প্রশিক্ষণার্থীর হাজিরা
[২.১] জাতীয় নেটওয়ার্ক উন্নয়নে কারিগরি সেবা	[২.১.১] কারিগরি সেবা	বিসিসি আঞ্চলিক কার্যালয় সিলেট	BCC NOC/NTTN এর প্রতিবেদন
[২.২] ভিডিও কনফারেন্স সিস্টেম নিরবিচ্ছিন্ন রাখার নিমিত্ত কারিগরি সেবা	[২.২.১] কারিগরি সেবা	বিসিসি আঞ্চলিক কার্যালয় সিলেট	BCC NOC/NTTN / আ.কা.-এর প্রতিবেদন
[২.৩] ই-গভার্ণমেন্ট বাস্তবায়নে প্রশিক্ষণ	[২.৩.১] অংশগ্রহনকারী	বিসিসি প্রধান কার্যালয় ও বিসিসি আঞ্চলিক কার্যালয় সিলেট	প্রশিক্ষণ প্রতিবেদন/প্রশিক্ষণার্থীর হাজিরা
[২.৪] সরকারি দপ্তরসমূহে তথ্যপ্রযুক্তি বিষয়ক পরামর্শসেবা প্রদান/বিভিন্ন সভায় অংশগ্রহণ	[২.৪.১] প্রদানকৃত পরামর্শ সেবা/ সভা	বিসিসি আঞ্চলিক কার্যালয় সিলেট	আঞ্চলিক কার্যালয়ের প্রতিবেদন
[৩.১] নারীর উন্নয়ন/ ক্ষমতায়নে প্রশিক্ষণ আয়োজন	[৩.১.১] প্রশিক্ষণার্থী	বিসিসি আঞ্চলিক কার্যালয় সিলেট ও বিসিসি প্রধান কার্যালয়	প্রশিক্ষণ প্রতিবেদন/প্রশিক্ষণার্থীর হাজিরা
[৩.২] প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়ন/ক্ষমতায়নে প্রশিক্ষণ আয়োজন	[৩.২.১] প্রশিক্ষণার্থী	বিসিসি আঞ্চলিক কার্যালয় সিলেট, প্রকল্প দপ্তর ও বিসিসি প্রধান কার্যালয়	প্রশিক্ষণ প্রতিবেদন/প্রকল্প দপ্তরের প্রতিবেদন/প্রশিক্ষণার্থীর হাজিরা
[৪.১] সেমিনার/ কর্মশালার/ অবহিত করণ ক্যাম্পেইন আয়োজন	[৪.১.১] আয়োজিত ইভেন্ট	বিসিসি প্রধান কার্যালয় ও বিসিসি আঞ্চলিক কার্যালয় সিলেট	আঞ্চলিক কার্যালয়ের প্রতিবেদন

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
জাতীয় নেটওয়ার্ক উন্নয়নে কারিগরি সেবা	কারিগরি সেবা	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ঢাকা	বিসিসি প্রধান কার্যালয় হতে নিয়োগকৃত জনবলের মাধ্যমে
সরকারি দপ্তরসমূহে তথ্যপ্রযুক্তি বিষয়ক পরামর্শসেবা প্রদান/বিভিন্ন সভায় অংশগ্রহণ	প্রদানকৃত পরামর্শ সেবা/ সভা	স্থানীয় পর্যায়ের সরকারি দপ্তরসমূহ	স্থানীয় পর্যায়ের সরকারি দপ্তর সমূহের চাহিদা প্রাপ্তির মাধ্যমে
নারীর উন্নয়ন/ ক্ষমতায়নে প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণার্থী	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ঢাকা	বিসিসি প্রধান কার্যালয়ের নির্দেশনা ও বাজেট প্রাপ্তির মাধ্যমে
ই-গভার্ণমেন্ট বাস্তবায়নে প্রশিক্ষণ	অংশগ্রহনকারী	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ঢাকা	বিসিসি প্রধান কার্যালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও বাজেট প্রাপ্তির মাধ্যমে
সেমিনার/ কর্মশালার/ অবহিত করণ ক্যাম্পেইন আয়োজন	আয়োজিত ইভেন্ট	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ঢাকা	বিসিসি প্রধান কার্যালয়ের নির্দেশনা ও বাজেট প্রাপ্তির মাধ্যমে
ভিডিও কনফারেন্স সিস্টেম নিরবিচ্ছিন্ন রাখার নিমিত্ত কারিগরি সেবা	কারিগরি সেবা	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ঢাকা	বিসিসি প্রধান কার্যালয় হতে নিয়োগকৃত জনবলের মাধ্যমে
প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়ন/ক্ষমতায়নে প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণার্থী	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ঢাকা	প্রতিবন্ধী ব্যক্তি বিষয়ক প্রকল্প ও বিসিসি প্রধান কার্যালয়ের নির্দেশনা ও বাজেট প্রাপ্তির মাধ্যমে

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ